- ৪৬ -

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ
প্রশাসন-০৩ শাখা
৪/৩ আব্দুল গণি রোড, ঢাকা
www.mor.gov.bd

নম্বর-৫৪.০০.০০০০.০০০.০২৩.২৭.০০০৪.২৬-৪৫

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ / ০৬ জুলাই ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, রেলপথ মন্ত্রণালয় আপনার বিরুদ্ধে 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ অনুযায়ী ০১/২০২৬ নং বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, রেলপথ মন্ত্রণালয় আপনার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগের বিষয়ে প্রাথমিক সত্যতা যাচাইপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) এর বিধি ৭(৩) অনুযায়ী তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযোগের বিষয়ে তদন্ত কার্যক্রম সম্পন্ন করে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী জনাব মোঃ সাইফুল ইসলাম আপনার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে মত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, সাক্ষ্য-প্রমাণ, সংশ্লিষ্ট নথিপত্র এবং মামলার সার্বিক বিষয়াদি পর্যালোচনায় জনাব মোঃ সাইফুল ইসলাম-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৪(৫)(গ) অনুযায়ী অসদাচরণের জন্য লঘুদণ্ড বা গুরুদণ্ড প্রদান করা যায়;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ অনুসারে বিধি ৪(২) উপ-বিধি (১) এর (ক) ক্ষমতাবলে জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, রেলপথ মন্ত্রণালয়-কে "তিরস্কার (Censure)" লঘুদণ্ডে দণ্ডিত করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৬/০৭/২০২৬

(মো: ফাহিমুল ইসলাম)
সচিব
রেলপথ মন্ত্রণালয়।

নম্বর-৫৪.০০.০০০০.০০০.০২৩.২৭.০০০৪.২৬-৪৫/১(১১)

তারিখ: আষাঢ় ১৪৩৩ / জুলাই ২০২৬

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১.০। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.০। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.০। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪.০। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

(অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য)

CamScanner

(পূর্ব পৃষ্ঠা হতে আগত)

৫.০। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৬.০। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা। ঢাকা।
৭.০। উপসচিব (প্রশাসন ১/৫), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৮.০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [(পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবর (কক্ষ নং-৬২৮, ৬ষ্ঠ তলা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]
৯.০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০.০। জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, আইসিটি শাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১১.০। অফিস/মাস্টার কপি।

০৮/০৭/২৩

(সুফল চন্দ্র গোলদার)
সিনিয়র সহকারী সচিব

CamScanner